

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৫৫

আগরতলা, ১৮ ফেব্রুয়ারি, ২০২৬

সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে
প্রচারিত সংবাদের স্পষ্টিকরণ

সম্প্রতি কিছু সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে স্বামী বিবেকানন্দ স্টেডিয়ামে অনুষ্ঠানের আয়োজনের বিষয়ে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং এর কর্তৃপক্ষের নাম জড়িয়ে সংবাদ পরিবেশিত হয়েছে। এ বিষয়ে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের পক্ষ থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, স্বামী বিবেকানন্দ স্টেডিয়ামের (আস্তাবল মাঠ) দৈনন্দিন পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ ত্রিপুরা ক্রীড়া পর্ষদের নিয়ন্ত্রণে হয়ে থাকে। তাই স্বামী বিবেকানন্দ স্টেডিয়ামে কোনও অনুষ্ঠানের জন্য জায়গা বরাদ্দের কাজটি কেবলমাত্র ত্রিপুরা ক্রীড়া পর্ষদ দ্বারা সম্পাদিত হয়। এক্ষেত্রে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের কোনও ভূমিকা থাকে না।
